

জুন/২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা কমিটি (মহিলা ও শিশু উন্নয়ন) সভার কার্যবিবরণী :

সভাপতি : জনাব, সালমা আক্তার খাতুন  
মহিলা ভাইস-চেয়ারম্যান,  
উপজেলা পরিষদ, তারাকান্দা ময়মনসিংহ।

সভার স্থান : উপজেলা পরিষদ হলরুম  
সভার তারিখ : ১৬/০৬/২০২২ সময় : বেলা -১১.০০ ঘটিকায়

সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা -সংলগ্ন ক-তে উল্লেখ করা হলো।

অদ্য ১৬/০৬/২০২২ তারিখ বেলা ১১.০০ ঘটিকার সময় উপজেলা মহিলা ভাইচেয়ারম্যান সাহেবের সভাপতিত্বে তার কার্যালয়ে উপজেলা পরিষদের সভা অনুষ্ঠিত হয়।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

সভাপতির অনুমতিক্রমে মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, চলতি মাসে তার কার্যালয়ে নারী ও শিশু নির্যাতন সম্পর্কিত কোন অভিযোগ নেই। ভিজিডি কার্যক্রমের আওতায় তারাকান্দায় ১০ টি ইউনিয়নে পুষ্টিচাউল বিতরণ করা হচ্ছে। আইজিএ প্রকল্পের ১৬ এবং ১৭তম ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম এক সাথে পরিচালনার জন্য পত্র পাওয়া যায়। সে মোতাবেক অনলাইনে আবেদন গ্রহন চলছে। আবেদন গ্রহনের শেষ তারিখ ২৭/০৬/২০২২ খি :। এছাড়াও কিশোর - কিশোরী ক্লাব ১০টি ইউনিয়নে চলমান।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যদের ধন্যবাদ দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মহিলা ভাইস- চেয়ারম্যান,  
উপজেলা পরিষদ  
তারাকান্দা, ময়মনসিংহ।  
সভাপতি ও উপজেলা কমিটি।